

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 12-02-2025

Time: 7-50 P.M.

বিশেষ বিশেষ খবর-

- ১) রাজ্য বিধানসভায় আজ চলতি সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য।
- ২) বাজেট প্রস্তাবে রাজ্য সরকারী কর্মচারীদের জন্য আগামী পয়লা এপ্রিল থেকে আরও চার শতাংশ অতিরিক্ত মহার্ঘ্যভাতা দেওয়ার কথা জানানো হয়েছে।
- ৩) নদী বন্ধন প্রকল্পে এবার বাজেটে ২-শো কোটি টাকা বরাদ্দ।
- ৪) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, এই বাজেট কর্মসংস্থানমুখী।
বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, এবারের বাজেট বেকার বিরোধী।
- ৫) সিগনাল ও অন্যান্য প্রযুক্তিগত কাজের জন্য হাওড়া - সেষ্টার ফাইভ লাইনের মেট্রো পরিষেবা দু-দফায় মোট আটদিন বন্ধ থাকবে।
- ৬) বাংলা জাতীয় গেমসে আরও একটি রূপো ও চারটি ব্রোঞ্জ পদক পেয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অর্থমন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য আজ ২০২৫-২৬ অর্থবছরের জন্য ১২ লক্ষ টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। বাজেটের মোট আয়তন ৩ লক্ষ ৮৯ হাজার ১৯৪ কোটি টাকার বেশি। অর্থমন্ত্রী জানান, এবারের বাজেট পরিকল্পনায় নারী ক্ষমতায়ন, কর্ম সংস্থান, কৃষি ও পরিষেবা ক্ষেত্রকে বিশেষ

গুরুত্ব দেওয়া হয়েছে। কেন্দ্রীয় প্রকল্পের ন্যায্য পাওনার অভাবে আর্থিক চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও রাজ্য, উন্নয়নের পথ অব্যাহত রাখার সংকল্প ঘোষণা করেছে বলে অর্থমন্ত্রী জানান। বাজেটে রাজ্য সরকারি কর্মীদের জন্য বাড়তি চার শতাংশ মাহার্ঘ ভাতা সহ বেশ কিছু নতুন প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছে। পথন্ত্রী, বাংলার বাড়ি প্রকল্প নিয়েও বেশ কিছু গুরুত্বপূর্ণ ঘোষণা রয়েছে।

একটি প্রতিবেদন - (ভয়েসকাস্ট - অভিন্নপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাজেট প্রস্তাব কর্মসংস্থান, পরিকাঠামো উন্নয়ন ও জনমুখী বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। আজ বিধানসভায় বাজেট প্রস্তাব নিয়ে সাংবাদিক বৈঠকে তিনি বলেন, বীরভূমের দেউচা পাচামি ছাড়াও বিভিন্ন শিল্প করিডরে প্রচুর মানুষের কর্মসংস্থান হবে। রাজ্য সরকারের যে ৯৪টি প্রকল্প রয়েছে সেখান থেকে রাজ্যের বেশিরভাগ মানুষ উপকৃত হচ্ছেন। কেন্দ্রীয় বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প হাতে নিয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

বিভিন্ন সামাজিক প্রকল্পে রাজ্য সরকারের ব্যয় বরাদ্দ বৃদ্ধির কথা ও মুখ্যমন্ত্রীর বক্তব্যে উঠে এসেছে। তিনি বলেন, বাজেটে প্রতিটি সামাজিক প্রকল্পেই বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।

(বাইট - মুখ্যমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্য বাজেটকে বেকার বিরোধী বাজেট বলে দাবি করেছে। বিধানসভার বাইরে সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, বাজেটে মুখ্যমন্ত্রী ২কোটি ১৫ লক্ষ বেকার যুবক যুবতীর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন।

(বাইট - শুভেন্দু)

বাজেটে কোনো কর্মসংস্থানের ঘোষণা নেই। শিক্ষা,স্বাস্থ্য ও শিল্প নিয়ে কিছু উল্লেখ করা হয়নি। রাজ্যে ৬ লক্ষ কোটি ঝণের বোৰা থেকে মুক্তি পাওয়ার উপায় নিয়েও কোনও দিশা দেখানো হয়নি।

বিরোধী দলনেতা বলেন, এই বাজেট উত্তরবঙ্গ,জঙ্গলমহল ও সুন্দরবন বিরোধী বাজেট। পাহাড়ের জনজাতির উন্নয়ন সহ উত্তরবঙ্গের নদী ভাঙ্গন,চা বাগানের উন্নয়ন,জঙ্গলমহলে জলের সমস্যা সহ বিষয়গুলি নিয়ে কোন উল্লেখ নেই। কৃষকদের জন্য বাজেটে অর্থ বরাদ্দ এবং শস্য বীমার কোন নতুন ঘোষণা করা হয়নি। শ্রী অধিকারী জানান,ঘাটাল মাস্টার প্ল্যানে কোন জমি অধিগ্রহণ ছাড়াই অর্থ বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

(বাইট - শুভেন্দু)

বিজেপি বিধায়ক অর্থনীতিবিদ অশোক লাহিড়ি বলেছেন, এই বাজেট শুধুমাত্র শুকনো প্রতিক্রিয়া মাত্র।

উল্লেখ্য, বাজেটে নতুন কর্মসংস্থানের ঘোষণা না থাকায় বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল সভা থেকে ওয়াক আউট করে বাইরে এসে বিক্ষোভ দেখায়।

রাজ্য বাজেটের সমালোচনা করে প্রদেশ কংগ্রেসের মুখ্যপাত্র সৌম্য আইচ রায় বলেন, বাজেটে আশার আলো কিছু নেই। বেকারত্ব দূর করা, রোজগারের কোনো দিশা নেই বাজেটে। রাজ্য মাথাপিছু রোজগার কমেছে। অপরিকল্পিত ব্যয় বাজেটে অনেক বেশি।

(বাইট - সৌম্য আইচ)

পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়নের রাজ্য সম্পাদিকা ইসমাত আরা খাতুন বলেছেন, মোবাইলের দাবি দীর্ঘদিন ধরেই তোলা হচ্ছে। সেই সঙ্গে দাবি করা হয়েছিল, রিচার্জের খরচ দেওয়ার। তিনি বলেন, শুধু মোবাইলের টাকা দেওয়াই যথেষ্ট নয়, আশাকর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের মাসিক ভাতা অবিলম্বে বৃদ্ধি করা প্রয়োজন।

আই এস এফ বিধায়ক নৌসাদ সিদ্দিকি মন্তব্য করেছেন, এটি শুধুমাত্র চমকের বাজেট। সারবত্তা কিছুই নেই।

০০০০০০০০০০০০০০০০

এবারের বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আগামী দিনে রাজ্য সরকারী কর্মচারীদের আরও চার শতাংশ বেশি মহার্ঘ্য ভাতা প্রদানের কথা জানিয়েছেন। পরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানান, এই নতুন মহার্ঘ্য ভাতা চলতি বছর পয়লা এপ্রিল থেকে কার্যকর করা হবে।

বাড়তি মহার্ঘ্যভাতা ঘোষণার ফলে রাজ্য সরকারের প্রদত্ত মহার্ঘ্য ভাতা বেড়ে দাঁড়াবে ১৮ শতাংশ।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকার ৫৩ শতাংশ হারে মহার্ঘ্যভাতা প্রদান করে থাকে। রাজ্য সরকার আরও ৪ শতাংশ মহার্ঘ্য ভাতা বাড়ানোর প্রস্তাব দেওয়ার ফলে কেন্দ্রের সঙ্গে রাজ্যের মহার্ঘ্যভাতার ফারাক হবে ৩৫ শতাংশ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পরে সাংবাদিক সম্মেলনে বলেন, ষষ্ঠ বেতন কমিশন অনুযায়ী যে নতুন বেসিক পে ধার্য করা হয়েছিল, রাজ্য সরকার ২০২৪ সাল থেকে তার ওপর ১৪ শতাংশ করে ডিএ দিচ্ছিল।

(বাইট - মুখ্যমন্ত্রী)

সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্মীদের জন্য অষ্টম পে-কমিশন করার কথা ঘোষণা করেছেন।

৪ শতাংশ হারে মহার্ঘ্য ভাতা বৃদ্ধির ঘোষণার সমালোচনা করেছেন, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি। তারা এক প্রেস বিবৃতিতে জানিয়েছে এই বৃদ্ধি ছিঁটেফোঁটা। বৈষম্য দূর করে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সমানহারে মহার্ঘ্য ভাতা দেওয়ার দাবি তোলেন তিনি।

শিক্ষানুরাগী ঐক্যমন্ত্রের পক্ষ থেকেও ডিএ বৃদ্ধির ঘোষণার সমালোচনা করা হয়েছে। তারা জানিয়েছে সুপ্রিম কোর্টের ডিএ মামলার দ্রুত শুনানি ও নিষ্পত্তির দাবি জানিয়ে যে গণমেল কর্মসূচী চলছে তা অব্যাহত থাকবে।

মহার্ঘ্যভাতা বৃদ্ধির ঘোষণায় খুশি নয়, কনফেডারেশন অফ স্টেট গভর্নেন্ট এমপ্লাইজ। তাদের তরফে জানানো হয়েছে সরকার কার্যত কর্মচারীদের সঙ্গে প্রচারণা করেছেন। তারা ডি এ মামলায় হাইকোর্টের রায় মেনে নেওয়ার দাবি জানান।

রাজ্য বাজেটকে দিশাহীন বলে বর্ণনা করেছেন, রাজ্য কো-অর্ডিনেশন কমিটি। তারা বলেন, অবিলম্বে ৩৫ শতাংশ মহার্ঘ্যভাতা দিতে হবে।

oooooooooooooooooooo

সিগন্যাল এবং অন্যান্য প্রযুক্তিগত কাজের জন্য মেট্রোরেল, হাওড়া ময়দান ও সেক্টর ফাইভ করিডরে দু-দফায় আট দিন ট্রেন পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। প্রথম দফায় আগামীকাল থেকে রবিবার এবং দ্বিতীয় দফায় আগামী বৃহস্পতিবার ২০ তারিখ থেকে ২৩ শে ফেব্রুয়ারি হাওড়া ময়দান- এসপ্ল্যানেড এবং শিয়ালদা ও সেক্টর ফাইভের মধ্যে কোনো ট্রেন চলাচল করবে না। এর জেরে নিত্যাত্মীরা চরম ভোগান্তির মধ্যে পড়বেন বলে আশঙ্কা করা হচ্ছে।

উল্লেখ্য, এই করিডরের শিয়ালদা এবং এসপ্ল্যানেডের মধ্যে রেল সংযোগের কাজ শেষ হয়ে যাওয়ায় গোটা করিডরে একটি সিগন্যালিং ব্যবস্থার মাধ্যমে ট্রেন চালানোর জন্য কাজ চলছে।

oooooooooooo

কলকাতা সহ সমগ্র দক্ষিণবঙ্গে তাপমাত্রার পারদ ধীরে ধীরে উর্ধ্মুখী। আগামী কয়েকদিন তাপমাত্রা আরও কিছুটা বাঢ়বে বলে জানিয়েছ আবহাওয়া দফতর। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে ৪ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস বেশি।

oooooooooooo

আকাশবানী কোলকাতার উদ্যোগে আজ অনুষ্ঠিত হোল সেফ সাইবার বা সাইবার সুরক্ষার শিক্ষা বিষয়ক এক আলোচনা চক্র। ব্রডকাস্টিং ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট (BIND) প্রকল্পের অধীনে সংগঠিত এই অনুষ্ঠানে সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ, আইন প্রয়োগকারী

সংস্থার আধিকারিক এবং ব্যাংকিং পেশাদারদের এক বিশেষজ্ঞ প্যানেল সাম্প্রতিক সাইবার হুমকি এবং ডিজিটাল নিরাপত্তা নিয়ে আলোচনা করেন। উভয় কলকাতার জোড়াসাঁকোর রথীন্দ্র মঞ্চে অনুষ্ঠিত এই কর্মসূচিতে স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়ার ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিনান্স ও অপারেশনস), বিপিন কুমার সাহ সাইবার আইন বিশেষজ্ঞ রাজৰ্ষি রায় চৌধুরী, ইণ্ডিয়ান স্কুল অফ এথিক্যাল হ্যাকিং এর ম্যানেজার সাম্যজিত মুখার্জি এবং পশ্চিমবঙ্গ পুলিশের ডেপুটি সুপারিনিটেন্ডেন্ট বিদিত কুমার মণ্ডল অংশ নেন।

বিশেষজ্ঞরা সরাসরি সাইবার অপরাধের কৌশলগুলি তুলে ধরেন। ফিশিং স্ক্যাম, আর্থিক প্রতারণা ও হ্যাকিং কৌশল কীভাবে কাজ করে তা ব্যাখ্যা করা হয়। বিভিন্ন বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, সাধারণ মানুষ এবং বিভিন্ন পেশার মানুষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কৃইজ এবং সাইবার প্রতারণার বিরুদ্ধে সচেতনতামূলক নাটিকাও অনুষ্ঠিত হয়।

আকাশবাণীর পক্ষে বজ্রব্য পেশ করেন ডেপুটি ডিরেক্টর প্রোগ্রাম ডক্টর মৌসুমী চট্টোপাধ্যায় ও প্রোগ্রাম এক্সিকিউটিভ শুভায়ন বালা।

oooooooooooooooooooooooooooo

ମାଘୀ ପୂର୍ଣ୍ଣିମା ଉପଲକ୍ଷେ ଗଙ୍ଗାସାଗରେ ବିପୁଲ ଭକ୍ତ ସମାଗମ ହେଁ । ଚାଲାନୋ ହେଁ ଅତିରିକ୍ତ ଭେସେଲ ଓ ବାସ । ନିରାପତ୍ତାର ବସ୍ତ୍ରା ଆଁଟୋସାଁଟୋ କରା ହେଁ ।

এই উপলক্ষে ভুগলীর ত্রিবেণীতে আজ পুন্য স্নান করেন বিভিন্ন মঠ, আশ্রম ও আখড়ার অসংখ্য সাধু-সন্ত। দুরদুরাত্ম থেকে আসা হাজার হাজার ভক্ত অমৃত স্নান সারেন।

ନ୍ଦୀଆର କଳ୍ପାଣୀର ମାରେର ଚରେର ଗୌରାଙ୍ଗଘାଟେ ଏହି ଉପଲକ୍ଷେ ମେଲାର ଆୟୋଜନ କରା ହେବେ ।

এছাড়াও ব্রাজাজড়ে বিভিন্ন গঙ্গার ঘাটে চলে মাঘী পর্ণিমা স্নান।

00000000000000000000000000000000

উত্তরাখণ্ডে জাতীয় গেমসে আজ বাংলা আরো একটি রূপো ও চারটি ব্রোঞ্জ পদক পেয়েছে। জিমন্যাস্টিকসে মজিদা খাতুন রূপো এবং অনিকেত চক্রবর্তী ও প্রতিষ্ঠা সামান্তা ব্রোঞ্জ পেয়েছেন। এছাড়া জুড়োয় শানসা সরকার, টেবল টেনিসে মহিলাদের ডাবলসে মৌমা দাস ও এহিকা মুখাজী ব্রোঞ্জ পেয়েছেন। এহিকা ও অনিবাগ ঘোষ মিস্ট্রিড ডাবলসের ফাইনালে উঠে পদক নিশ্চিত করেছেন।

00000000000000000000000000000000